গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.kishoreganj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯-২৯২ তারিখ: ২৯ অক্টোবর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৮ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ এবং ০৭ অক্টোবর ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-৪৩৫ নম্বর স্মারকে জারিকৃত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদসমূহে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে অস্থায়ীভিত্তিতে শূন্য পদ পূরণ এবং প্যানেল প্রস্তুতের নিমিত্ত কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর | ৫১ (একান্ন) টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ |

**আবেদনের শর্তাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩। সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে ‘জেলা প্রশাসক, কিশোরগঞ্জ’কে সম্বোধন করে আগামী ২৮ নভেম্বর ২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এ পৌঁছাতে হবে। সরাসরি আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, কিশোরগঞ্জ-এর ওয়েবসাইট: www.kishoreganj.gov.bd, জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা ও www.forms.gov.bd এর ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

৪। প্রার্থীর বয়সসীমা ২৮ নভেম্বর ২০১৯ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ-এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত জায়গায় সংযুক্ত করতে হবে এবং ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি দাখিল করতে হবে। ছবিতে সত্যায়ন-কারী কর্মকর্তার নাম ও পদবীযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ছায়ালিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটার আবেদিত চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার এনআইডি, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতী নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

(ছ) পদের ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেটযুক্ত ১০ ইঞ্চি×৪ $\frac{১}{২}$ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র, কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মুলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ/বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নম্বর ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নম্বর ৪৫২/২০১৮ এর ০৫-০২-২০১৮ তারিখের আদেশ, রিট পিটিশন নম্বর ১৬৭১৪/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নম্বর ৭৬৭/২০১৮ এবং রিট পিটিশন নম্বর ১৫৯৬০/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নম্বর ৭০৭/২০১৮ এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ০১-০৩-২০১৯ তারিখের আদেশ ইত্যাদি অনুসরণ ও প্রতিপালন করা হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

২৯।১০।১৯

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন: ০৯৪১-৬১৭৫৫
ই-মেইল:dckishoreganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯- ২৯২

তারিখ: ২৯ অক্টোবর ২০১৯

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। জেলা প্রশাসক, ..............................(সকল)

অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য

০১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ
০২। সিভিল সার্জন, কিশোরগঞ্জ
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ...........................(সকল), কিশোরগঞ্জ
০৫। মেয়র, ........................... পৌরসভা (সকল), কিশোরগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ...........................(সকল), কিশোরগঞ্জ
০৮। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ
১০। চেয়ারম্যান,...............................ইউনিয়ন পরিষদ (সকল), ..........................., কিশোরগঞ্জ
১১। নোটিশ বোর্ড।

২৯।১০।১৯

জেলা প্রশাসক
কিশোরগঞ্জ

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ৩ কপি)

বরাবর
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.kishoreganj.gov.bd

| ৫×৫ সে.মি ছবি<br>(সম্প্রতি তোলা এক কপি, ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত )<br><br>(আঠা দিয়ে লাগাতে হবে) |
|---|

## হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৯

## প্রবেশপত্র

| (অফিস কর্তৃক পুরণীয়) | (প্রার্থী কর্তৃক পুরণীয়) |
|---|---|
| রোল নম্বর : .............................. | পদের নাম : .............................. |
| পরীক্ষা কেন্দ্রের নাম : .............................. | নাম : .............................. |
| .............................. | পিতা/স্বামীর নাম: .............................. |
| পরীক্ষার তারিখ : .............................. | বর্তমান ঠিকানা : .............................. |
| পরীক্ষার সময় : .............................. | .............................. |

বিশেষ নির্দেশাবলি:

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেক্ট্রনিক্স জিনিসপত্র নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এটি পরবর্তী ব্যবহারিক/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৮। লিখিত/মৌখিক পরীক্ষার ফলাফল জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ-এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.kisoreganj.gov.bd) প্রকাশ করা হবে।

৯। কর্তৃপক্ষ পরীক্ষা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

**বি: দ্র: প্রার্থীর অংশ পুরণ করে প্রবেশপত্রটি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।.**